

Press Release on the Extraordinary Virtual G20 Leaders' Summit

March 26, 2020

জি-20 নেতাদের অসাধারণ ভার্চুয়াল শীর্ষ সম্মেলনের প্রেস বিজ্ঞপ্তি

মার্চ 26, 2020

কোভিড -19 অতিমারির প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট হওয়া চ্যালেঞ্জ এবং বিশ্বব্যাপী সমন্বয়ী প্রতিক্রিয়াকে এগিয়ে নিয়ে যাবার বিষয়ে আলোচনার উদ্দেশ্যে 26শে মার্চ 2020 তারিখে জি-20 নেতৃবৃন্দের একটি অসাধারণ ভার্চুয়াল শীর্ষ সম্মেলনের আয়োজন করা হয়েছিল। ইতিপূর্বে, সৌদি আরবের যুবরাজের সাথে এই বিষয়ে প্রধানমন্ত্রীর সাথে টেলিফোনে বাক্যালাপ হয়েছিল। কোভিড -19 অতিমারির উপরে অর্থমন্ত্রী এবং কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরদের বৈঠক ও জি-20 কূটনীতিবিদদের বৈঠকের চূড়ান্ত পরিণতি হিসেবে অসাধারণ জি-20 শীর্ষ সম্মেলনটি অনুষ্ঠিত হয়েছিল।

বৈঠকে, অতিমারিকে গন্ডিবদ্ধ করে রাখা এবং জনগণের সুরক্ষার জন্য সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে জি-20 নেতৃবৃন্দ সহমত হয়েছেন। চিকিৎসা সরবরাহ, রোগ নির্ণয়ের সরঞ্জাম, চিকিৎসা, ওষুধ এবং প্রতিষেধক প্রদান সহ অতিমারির বিরুদ্ধে লড়াইয়ে হ-র আদেশকে মজবুত করার জন্য তারা সমর্থনও জানিয়েছেন।

নেতারা এও জানিয়েছেন যে, তারা অতিমারির জন্য অর্থনৈতিক এবং সামাজিক ব্যয়ভারকে হ্রাস করতে এবং বিশ্বব্যাপী বৃদ্ধির পুনরুদ্ধার, বাজারের স্থিতিশীলতা ও স্থিতিস্থাপকতাকে শক্তিশালী করার জন্য উপলব্ধ সকল নীতি উপকরণকে ব্যবহার করতে প্রতিজ্ঞাবদ্ধ। কোভিড-19 এর সামাজিক এবং অর্থনৈতিক প্রভাবের মোকাবিলা করার জন্য বিশ্বি অর্থনীতিতে 5 ট্রিলিয়ন মার্কিন ডলারের অনুপ্রবেশ ঘটাতে জি20 দেশগুলি প্রতিজ্ঞাবদ্ধ। হ-র নেতৃত্বে কোভিড-19 ঐক্য তহবিলে স্বেচ্ছাদান ভিত্তিতে অনুদান প্রদানেও নেতারা সহমত হয়েছেন।

প্রধানমন্ত্রী জি20-র এইরকম একটা অসাধারণ অধিবেশনের আয়োজন করার জন্য সৌদি আরবের রাজাকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন। প্রধানমন্ত্রী তার বক্তব্যে অতিমারির কারণে সামাজিক এবং অর্থনৈতিক বিপদজনক ক্ষতির কথা উল্লেখ করেছেন। তিনি আরও যোগ করেছেন যে, যদিও জি20 দেশগুলি বিশ্বের জিডিপি-র 80% এবং বিশ্বের জনসংখ্যার 60% ভাগ করে নেয় তথাপি এই দেশগুলিতে কোভিড-19 -এর ঘটনা 90% এবং মৃত্যুর হার 88%। এই বিশ্বব্যাপী অতিমারির সাথে লড়াই করার জন্য একটি জমাটবদ্ধ কার্য পরিকল্পনা সহ এগিয়ে আসার জন্য জি20 কে তিনি আহ্বান জানিয়েছেন।

বিশ্বব্যাপী সমৃদ্ধি এবং সহযোগিতা, চিকিৎসা গবেষণা এবং বিকাশের সুবিধাকে স্বচ্ছন্দে এবং উন্মুক্তভাবে বন্টন করা, উপযোগিতার বিকাশ, দ্বায়িত্বশীল এবং মানবিক স্বাস্থ্য পরিষেবা পদ্ধতিতে আমাদের দৃষ্টিভঙ্গির কেন্দ্রস্থলে মানব জাতিকে নিয়ে আসার প্রয়োজনীয়তার উপরে তিনি রেখাপাত করেছেন। তিনি, পারস্পরিকভাবে সম্পর্কযুক্ত একটি বিশ্বব্যাপী গ্রাম নির্মাণের জন্য নতুন সংকট নির্বাহ প্রোটকল এবং পদ্ধতিকে উৎসাহ প্রদান, হু-এর মত আন্তঃসরকারি সংগঠনগুলির সংশোধন এবং মজবুতীকরণ এবং বিশেষতঃ অর্থনৈতিকভাবে দুর্বল দেশগুলির, কোভিড-19-এর ফলে উদ্ভূত অর্থনৈতিক ক্লেশকে হ্রাস করার জন্য একসাথে কাজ করার উপরেও রেখাপাত করেছেন।

প্রধানমন্ত্রী, মানবজাতির সমষ্টিগত সমৃদ্ধির এবং মানবিকতার বন্টিত স্বার্থের উৎসাহের দিকে কেন্দ্রীভূত বহুপাক্ষিক ফোরামের জন্য এক নতুন বিশ্বায়নে অগ্রবর্তী হওয়াকে সাহায্য করতে নেতৃত্বকে আহ্বান জানিয়েছেন।

শীর্ষ সম্মেলনের শেষে, জি20 নেতৃত্বদের বক্তব্য প্রকাশিত হয়েছে যেখানে, অতিমারির বিরুদ্ধে লড়াই করার জন্য একটি সমন্বয়ী বিশ্বব্যাপী প্রতিক্রিয়া, বিশ্বঅর্থনীতিকে সুরক্ষিত রাখার জন্য পদক্ষেপ গ্রহণ, বাণিজ্যের বিঘ্নতাকে ন্যূনতম করা এবং বিশ্বব্যাপী সহযোগিতাকে বৃদ্ধি করার জন্য পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানো হয়েছে।

নিউ দিল্লি

মার্চ 26, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

